

গড়বেতা-১ নং পঞ্চায়েত সমিতির কার্যালয়
গড়বেতা :: পশ্চিম মেদিনীপুর

-ঃঃ বিজ্ঞপ্তি ঃঃ-

এতদ্বারা সকল জনসাধারণকে জানানো যায় যে, আগামী ২৪/১২/২০১৯ তারিখে মঙ্গলবার বিকাল ৩.০০টার সময় গড়বেতা-১ পঞ্চায়েত সমিতির কার্যালয়ে গড়বেতা গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত শিলাবতী নদীর উপর গনগনি কাঠের সেতু পারাপারের জন্য এক বৎসরের টোল বা শুল্ক আদায় করার জন্য চুক্তি ভিত্তিতে ডাক বা নীলাম করা হবে।

ডাকের নিয়মাবলী অবশ্যই মান্য করিতে হইবে।

১. অংশগ্রহণকারীকে অবশ্যই প্রমাণ স্বরূপ ভোটার কার্ড সঙ্গে আনতে হবে।
২. গড়বেতা-১ নং পঞ্চায়েত সমিতি উক্ত কার্ডের ব্রীজের বাৎসরিক টোল বা শুল্ক কমপক্ষে ২.০০ লক্ষ (দুই লক্ষ) টাকা ধার্যা করেছে।
৩. কোনওমতেই উক্ত নিম্নদরের কমে ডাক বা নীলাম করা যাবে না।
৪. অংশগ্রহণকারীকে ডাক বা নীলামের এক ঘণ্টা পূর্বে উপস্থিত হতে হবে।
৫. অংশগ্রহণকারীকে ডাক বা নীলামের আনেষ্ট মানি হিসাবে ২০০০০.০০ টাকা অগ্রিম হিসাবে জমা দিতে হবে। এই টাকা ডিমান্ড ড্রাফট (Demand Draft) রূপে EXECUTIVE OFFICER, GARHBETA-I PANCHAYAT SAMITY-র অনুকূলে প্রদান করতে হবে। যাহা উচ্চদরকারী, দ্বিতীয় ও তৃতীয় দরকারী বাদে অসফল অংশগ্রহণকারীদের আনেষ্ট মানি ফেরৎ দেওয়া হবে। দ্বিতীয় ও তৃতীয় দরকারীর আনেষ্ট মানি সাত দিনের পরে ফেরৎ দেওয়া হবে।
৬. তিন দিনের মধ্যে ডাকের সমস্ত টাকা জমা করিতে হবে।
৭. উচ্চদরকারীকে ডাক বা নীলামের চুক্তি অনুযায়ী টাকা জমা না দিলে কোনও কারন না জানিয়ে ডাক বা নীলাম বাতিল করা হবে এবং মূল্য বাজেয়াপ্ত করা হবে।
৮. ডাক বা নীলামের প্রতিটি ধাপ কমপক্ষে ৫০০০.০০ (পাঁচ হাজার) টাকা হতে হবে।
৯. উচ্চদরকারীর অগ্রিম টাকা দরের সঙ্গে যুক্ত করা হবে।
১০. অবশ্যই কমপক্ষে ৩ (তিন) জনকে নীলামে অংশগ্রহন করতে হবে নচেৎ নীলাম বাতিল করা হবে।
১১. উচ্চদরকারী টোল বা শুল্ক আদায়কারার আদেশ পাওয়ার পর কাঠের সেতুর খুঁটিতে আটকে যাওয়া ঝোপঝাড় পরিষ্কার করতে হবে অন্যথায় সেতু ক্ষতিগ্রস্ত হলে তাঁর দায় পঞ্চায়েত সমিতির উপর বর্তাবে না। যদি সেতু ক্ষতিগ্রস্ত হয় সেই অংশের সারানোর জন্য মূল্য বহন করতে হবে।
১২. সরকারী যানবাহনের টোল বা শুল্ক আদায় করা যাবে না। যেমন - অ্যামবুলেন্স, মাতৃযান, পি.ডি.এস গাড়ী, রোগী বহনকারী গাড়ী, স্কুল বাস এবং ছাত্রছাত্রী সাইকেল ইত্যাদি।
১৩. নিম্নলিখিত দর হিসাবে টোল বা শুল্ক আদায় করিতে হবে :-

| | | | |
|----------------------------|-------------|--------------------------|-------------|
| ➤ সাইকেল (মাল সহ)- | ২.০০ টাকা। | ➤ মিনি ভ্যান (মাল সহ)- | ৪০.০০ টাকা। |
| ➤ মোটর সাইকেল- | ৫.০০ টাকা। | ➤ অটো রিক্সা | ২০.০০ টাকা। |
| ➤ গরুর গাড়ি - | ৫.০০ টাকা। | ➤ পিক আপ ভ্যান (খালি)- | ৫০.০০ টাকা। |
| ➤ সাধারণ টালি- | ৫.০০ টালি। | ➤ পিক আপ ভ্যান (মাল সহ)- | ৫০.০০ টাকা। |
| ➤ ইঞ্জিন টালি- | ২০.০০ টাকা। | ➤ ৪০৭ মিনি টাক (খালি)- | ৫০.০০ টাকা। |
| ➤ ট্যাক্সি / প্রাইভেট কার- | ২০.০০ টাকা। | ➤ ৪০৭ মিনি টাক (মালসহ)- | ৫০.০০ টাকা। |
| ➤ মিনি ভ্যান (খালি)- | ২০.০০ টাকা। | ➤ টাকটর (খালি) - | ৫০.০০ টাকা। |
| ➤ মিনি ভ্যান (মাল সহ)- | ৪০.০০ টাকা। | ➤ টাকটর (মালসহ)- | ৮০.০০ টাকা। |

উক্ত দর তালিকা উচ্চদরকারীকে সাইন বোর্ডের মাধ্যমে সেতুর দুই দিকে টাঙাতে হবে। উক্ত দরের বেশী নেওয়া যাবে না। বাস বা লরি বোঝাই কোনওমতে পারাপার করতে দেওয়া যাবে না। কোনওরকম দুর্ঘটনা ঘটলে কতৃপক্ষ দায়ী থাকবে না।

১৪. সরকারী নিয়ম অবশ্যই মান্য করতে হবে।

নির্বাহী আধিকারিক
গড়বেতা - ১ নং পঞ্চায়েত সমিতি

তারিখ : ১৬/১২/২০১৯

স্মারক নং : ১৩৬/১(৪)

অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হল -

১. সভাপতি, পশ্চিম মেদিনীপুর জিলা পরিষদ।
২. মহকুমা শাসক, মেদিনীপুর সদর।
৩. সভাপতি, গড়বেতা-১ নং পঞ্চায়েত সমিতি।
৪. প্রধান, সকল গ্রাম পঞ্চায়েত, গড়বেতা-১ নং পঞ্চায়েত সমিতির অন্তর্গত।

নির্বাহী আধিকারিক
গড়বেতা - ১ নং পঞ্চায়েত সমিতি